# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
উন্নয়ন শাখা
প্রশাসন অনুবিভাগ
www.idra.org.bd

স্মারক নং: ৫৩.০৩.০০০০.০১৭.২৩.০০২.১৯. ২৫৩ তারিখঃ ১৮ জুন ২০১৯

**বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের উপলক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন।**
সূত্র: আর্থিক প্রতিষ্ঠান বিভাগের স্মারক নং-৫৩.০০.০০০০.২১১.২৩.০০১.১৯-৪১৬, তারিখ: ১৬ জুন ২০১৯

উপর্যুক্ত বিষয় এবং সূত্রোক্ত পত্রের আলোকে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, বাংলাদেশের স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে প্রেরিত ছক মোতাবেক বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের পরিকল্পনা এতদসঙ্গে প্রেরণ করা হলো।

১৮/৬/১৯
(খলিল আহমদ)
নির্বাহী পরিচালক (প্রশাসন)

সিনিয়র সিচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা-১০০০

(দৃষ্টি আকর্ষণ: জনাব মৃতুঞ্জয় সাহা, উপসচিব, প্রশাসন ও কল্যাণ শাখা)

অনুলিপি: (সদয় অবগতির জন্য)
১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
২। সদস্য মহোদয়গণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ,
৩। অফিস কপি।

| ক্র: নং | কর্মসূচির বিবরণ | তারিখ ও সন | বিস্তারিত কার্যক্রম | বাস্তবায়নকারী সংস্থা | সম্ভাব্য ব্যয় |
|---|---|---|---|---|---|
| ১ | বঙ্গবন্ধু শিক্ষা বীমা | ১৭ মার্চ ২০২০ | বাংলাদেশে প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক হলেও ড্রপ আউটের হার শূণ্যের কোটায় আনা সম্ভব হয়নি। এছাড়া মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিপুল সংখ্যক ছাত্র-ছাত্রী স্কুলে যাওয়া থেকে বিরত থেকে শিশুশ্রমে জড়িত আছে। বাংলাদেশের শিশুদের শিক্ষার ক্ষেত্রে এ ধরণের ঝুঁকি নিরসনে শিক্ষা বীমা হতে পারে সুরক্ষার অন্যতম হাতিয়ার।<br><br>বাংলাদেশের স্কুল ছাত্র-ছাত্রীদের জন্য ব্যাংক হিসাব নিশ্চিত করে প্রত্যেককে শিক্ষা বীমার আওতায় নিয়ে আসলে একদিকে যেমন Financial Inclusion বৃদ্ধি পাবে অন্যদিকে প্রান্তিক বা দরিদ্র ছাত্র-ছাত্রীদের শিক্ষা জীবনের সুরক্ষা প্রদান করা সম্ভব হবে।<br><br>সরকার যে উপবৃত্তি প্রদান করছে এই উপবৃত্তির একটি ক্ষুদ্র অংশ প্রিমিয়াম হিসেবে প্রদান করা হলে বা ভর্তুকির মাধ্যমে প্রিমিয়াম প্রদান করা হলে এবং রাইডার হিসেবে স্বাস্থ্য বীমার সুবিধা (বিনামূল্যে চিকিৎসা) প্রদান করা হলে সাধারণ মানুষের একটি মৌলিক অধিকার নিশ্চিত করতে সরকার সক্ষম হবে। এছাড়া এসডিজি এর স্বাস্থ্য বিষয়ে লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক হবে।<br><br>এ বিষয়ে বাংলাদেশ ব্যাংকের একটি প্রাথমিক প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বর্তমানে পরিকল্প প্রস্তুতের কাজ চলমান রয়েছে। উক্ত পরিকল্প চূড়ান্ত করে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা হবে। বাংলাদেশ ব্যাংক পরবর্তীতে সিদ্ধান্ত প্রদান করলে বীমা পরিকল্পটি বাজারজাত করণের ব্যবস্থা নেয়া হবে। | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, জীবন বীমা কর্পোরেশন, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয় | |
| ২ | বঙ্গবন্ধু ক্রীড়া বীমা | ১৭ মার্চ ২০২০ | বাংলাদেশের খেলোয়াড়দের স্বাস্থ্য সুরক্ষার জন্য একটি বীমা পরিকল্প চালু করা হবে। এই পরিকল্পের নাম হবে **বঙ্গবন্ধু ক্রীড়া বীমা**। | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, সাধারণ বীমা কর্পোরেশন | |
| ৩ | বঙ্গবন্ধু বীমা বৃত্তি | ১৭ মার্চ ২০২০ | বাংলাদেশের বীমা পেনিট্রেশনের হার ০.৫৬% (২০১৭) অথচ উন্নত বিশ্বে এর গড় ৪%-২১%। এ শিল্পটি একটি টেকনিক্যাল বিষয়। বাংলাদেশে বীমা খাতে দক্ষ ও বীমা বিষয়ে শিক্ষিত জনবলের খুবই অভাব রয়েছে।<br><br>প্রতিটি বীমা প্রতিষ্ঠানে একচ্যুয়ারি থাকা বাধ্যতামূলক হলেও বাংলাদেশে মাত্র ৩/৪ জন একচ্যুয়ারি আছেন। একারণে বাংলাদেশে একচ্যুয়ারি তৈরি ছাড়া অন্য কোন বিকল্প নেই।<br><br>এ কাজটি তরান্বিত করার জন্য একটি বৃত্তি ফান্ড তৈরি করা দরকার। এই বৃত্তির নাম হবে **বঙ্গবন্ধু বীমা বৃত্তি**। বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোশিয়েশন (বিআইএ) এবং বাংলাদেশ | বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোশিয়েশন, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম | |

খলিল আহমদ
নির্বাহী পরিচালক (যুগ্মসচিব)
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | ইন্স্যুরেন্স ফোরাম (বিআইএফ) যৌথভাবে একটি বৃত্তি ফান্ড তৈরি করতে পারে। এই ফান্ডের অর্থে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী এবং বীমা কোম্পানিতে কর্মরত কর্মকর্তাদের জন্য বৃত্তি হিসেবে প্রদান করা যেতে পারে। | | |
| ৪ | বঙ্গবন্ধু বীমা পুরস্কার | এপ্রিল/মে, ২০২০ | বাংলাদেশে বীমা গ্রাহকদের সংখ্যা খুবই নগণ্য। এক কোটি মানুষ বীমা পলিসি গ্রহণ করছে এবং নন-লাইফ ২৫ লক্ষ বীমা পলিসি বিক্রয় হয়। পলিসির সংখ্যা কম হওয়ায় এ শিল্পের পেনিট্রেশনের হার খুবই কম (০.৫৬%, ২০১৭)। পলিসির সংখ্যা বৃদ্ধিসহ এ খাতের উন্নয়নের জন্য বীমা শিল্পে বীমাকারীদের পুরস্কার প্রদানের কোন বিকল্প নেই। জাতীয় বীমা নীতিতে Best Practice Award প্রদানের বিষয়টি উল্লেখ রয়েছে। পুরস্কার প্রদানের নীতিমালা প্রণয়ন করা হবে। এই পুরস্কার প্রদানের ব্যবস্থাকে **বঙ্গবন্ধু বীমা পুরস্কার** হিসেবে চালু করা হবে। | বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ | |
| ৫ | বঙ্গবন্ধু বীমা মেলা | ডিসেম্বর, ২০১৯ | প্রতি বছর বীমা শিল্পের বিকাশের লক্ষ্যে বিভাগীয় পর্যায়ে বীমা মেলা আয়োজন করা হয়। এ বছর ডিসেম্বর মাসে বীমা মেলার আয়োজন করা হবে। এ মেলার নামকরণ করা হবে **বঙ্গবন্ধু বীমা মেলা**। এ মেলায় বঙ্গবন্ধুর নামে যে পরিকল্প করা হবে সে সম্পর্কে প্রচার করা হবে। | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোশিয়েশন, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম | |

খলিল আহমদ
নির্বাহী পরিচালক (যুগ্মসচিব)
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ